

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
'আমার বাড়ি আমার খামার' প্রকল্প
প্রশাসন ও সমন্বয় শাখা
www.abak-rdcd.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০১৫.১৯.৩৩৬

তারিখ: ৩ ভাদ্র ১৪২৬

১৮ আগস্ট ২০১৯

বিষয়: প্রকল্পের চাকুরি হতে সাময়িক বরখাস্তকরণ প্রসঙ্গে।

জনাব শরীফুল ইসলাম, মাঠসহকারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, কসবা, ব্রাহ্মণবাড়িয়া-এর বিরুদ্ধে তার দায়িত্বপ্রাপ্ত বাঁদের ইউনিয়নে প্রকল্পের কাজে চরম গাফিলতি, শৈথিল্যতা প্রদর্শনসহ নানাবিধ অভিযোগ পাওয়া গেছে। এ বিষয়ে তাকে উপজেলা নির্বাহী অফিসার এবং প্রকল্প সদর দপ্তর কর্তৃক পৃথকভাবে কৈফিয়ত তলবের পরও তার কাজের কোন অগ্রগতি পরিলক্ষিত হয়নি। এছাড়া তিনি প্রায়শই অফিস এবং মাঠে বিনা অনুমতিতে অনুপস্থিত থাকেন। প্রকল্পের কাজে তার চরম অনীহার কারণে প্রকল্পের সার্বিক কার্যক্রম চরমভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে মর্মে জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, ব্রাহ্মণবাড়িয়া প্রকল্প সদর দপ্তরকে লিখিতভাবে অবহিত করেছেন।

০২। বর্ণিত বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসদাচরণ, কর্তব্য-কর্মে অবহেলা এবং অদক্ষতার শামিল। এহেন অবস্থায় তাকে চাকুরিতে রাখা সমীচীন নয় মর্মে প্রকল্প কর্তৃপক্ষ মনে করে। এ প্রেক্ষিতে তাকে প্রকল্পের চাকুরি হতে সাময়িক বরখাস্ত করে উপজেলা নির্বাহী অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া এর কার্যালয়ে সংযুক্ত করা হলো।

০৩। এমতাবস্থায়, প্রকল্পের কাজে চরম গাফিলতি এবং অফিসে অননুমোদিত অনুপস্থিতির কারণে কেন তাকে চুক্তিভিত্তিক নিয়োগপত্রের শর্তানুযায়ী ০১ (এক) মাসের নোটিশ প্রদান করে প্রকল্পের চাকুরি হতে স্থায়ীভাবে অব্যাহতি প্রদান করা হবে না, তার ব্যাখ্যা আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে উপজেলা সমন্বয়কারী এবং উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।



২০-৮-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: headoffice@ebek-rdcd.gov.bd

জনাব শরীফুল ইসলাম, মাঠসহকারী, আমার বাড়ি আমার
খামার প্রকল্প, বাঁদের ইউনিয়ন, কসবা, ব্রাহ্মণবাড়িয়া

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০১৫.১৯.৩৩৬/১(৮)

তারিখ: ৩ ভাদ্র ১৪২৬

১৮ আগস্ট ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইফাটন গার্ডেন, ঢাকা-১০০০।
- ২) জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, ব্রাহ্মণবাড়িয়া।

- ৬) উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
৭) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
৮) উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।



২০-৮-২০১৯

আকবর হোসেন
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)